যুগান্তর

তারিখ 12 DEC 2016
পৃষ্ঠা ০৭ কলাম 2

ঢাবির 'ঘ' ইউনিট

# ভর্তি প্রক্রিয়া স্থগিত চেয়ে হাইকোর্টে রিট

**যুগান্তর রিপোর্ট**

প্রশ্নফাঁস ও অনিয়মের অভিযোগ এনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি প্রক্রিয়া স্থগিত করে পুনরায় পরীক্ষা নেয়ার আবেদন জানিয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রোববার সুপ্রিমকোর্টের আইনজীবী আসম সায়েম আলী পাঠান সংশ্লিষ্ট শাখায় এ রিট দায়ের করেন। বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি শেখ হাসান আরিফের সমন্বয়ে গঠিত হাইকোর্টে বেঞ্চে চলতি সপ্তাহে আবেদনটির ওপর শুনানি হতে পারে এ খবর জানিয়েছেন ওই রিটকারী। ইউজিসির চেয়ারম্যান, সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রোভিসি রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, প্রক্টর ও সমাজ বিজ্ঞান অনুষদের ডিনকে রিটে বিবাদী করা হয়েছে। এর আগে ৭ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিটের ভর্তি প্রক্রিয়া স্থগিত চেয়ে লিগ্যাল নোটিশ পাঠান এই আইনজীবী। ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ঘ' ইউনিটে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী রাকিবুল হাসানের পক্ষে এ নোটিশ পাঠানো হয়। নোটিশে বলা হয়েছে, ঘ ইউনিটে ভর্তি পরীক্ষায় অনিয়ম করে টাকার বিনিময়ে মেধা তালিকায় স্থান দেয়া হয়েছে। ফলে মেধাবীরা বঞ্চিত হয়েছে। এ সংক্রান্ত খবর বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে। নোটিশে আরও বলা হয়, বিভিন্ন পত্রিকায় এসেছে ঘ ইউনিটের পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পাওয়া গেছে। ফলে প্রকৃত মেধাবীরা যথাযথভাবে মূল্যায়িত হয়নি। আগামী ৪৮ ঘণ্টার মধ্যে ঢাবির 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা স্থগিত না করলে উচ্চ আদালতে আইনগত পদক্ষেপ নেয়া হবে বলে ওই নোটিশে উল্লেখ করা হয়েছিল। নির্ধারিত সময়ের মধ্যে নোটিশের জবাব না পাওয়ায় এই রিট আবেদন করা হয়েছে বলে জানান আইনজীবী আসম সায়েম আলী পাঠান।